# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১২৪. হিংসুকের ক্ষতি থেকে রক্ষা পাওয়ার উপায়

কুরআনের শেষ দু'টি সূরা ‘সূরা ফালাক ও সূরা নাস’ তেলাওয়াত করুন, আল্লাহর জিকির করুন ও তার নিকট আকুল আবেদন করুন-

وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ

“এবং হিংসুক যখন হিংসা করে তখন তার হিংসার ক্ষতি থেকে (আপনার নিকট আশ্রয় চাই)”। (১১৩-সূরা আল ফালাক: আয়াত-৫)

হিংসুক লোকদের থেকে আপনার বিষয়াদি গোপন রাখুন-

“হে আমার পুত্রগণ! (ডাকাত দল বলে মানুষের সন্দেহ হতে পারে এজন্য) তোমরা এক দরজা দিয়ে (শহরে) প্রবেশ করবে না বরং বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ করবে।” (১২-সূরা ইউসুফ: আয়াত-৬৭)

যে লোক আপনার ক্ষতি করার উদ্যোগ নেয় তার প্রতি উদার হোন, তাহলে সম্ভবত সে (আপনার ক্ষতি করা থেকে) বিরত হবে।

ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ السَّيِّئَةَ

“উত্তম কিছু দ্বারা মন্দকে দূর করুন।” (২৩-সূরা আল মু'মিনূন: আয়াত-৯৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন